

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(নার্সিং শাখা)
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫৮.১১১.০০.০০.০৬৯.২০১৩-

তারিখঃ ০৭ - ১১ - ১৪২১ বাং
১৯ - ০২ - ২০১৫ খ্রিঃ

বিষয়ঃ নর্থ ইস্ট নার্সিং ইনস্টিটিউট ও নর্থ ইস্ট নার্সিং কলেজ, সিলেট এ “নর্থ ইস্ট নার্সিং কলেজ” নামে শিক্ষা কার্যক্রম পরিচালনার অনুমতি, বেসিক বিএসসি ও পোস্ট বেসিক বিএসসি নার্সিং কোর্সের আসন সংখ্যা বৃদ্ধি, মেয়াদ বৃদ্ধি এবং বিদেশি ছাত্র-ছাত্রীর ভর্তির অনুমোদন।

উপর্যুক্ত বিষয়ে তঁর আবেদন এবং বেসরকারী পর্যায়ে বিএসসি নার্সিং কলেজ/কোর্স চালুকরণ সংক্রান্ত এ মন্ত্রণালয়ে গঠিত নীতিনির্ধারণী কমিটির ২৭-০১-২০১৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্ত অনুসরণে নর্থ ইস্ট নার্সিং ইনস্টিটিউট ও নর্থ ইস্ট নার্সিং কলেজ, সিলেট-এ “নর্থ ইস্ট নার্সিং কলেজ” নামে ডিপ্লোমা এবং বেসিক ও পোস্ট বেসিক নার্সিং কোর্সে শিক্ষা কার্যক্রম পরিচালনার নির্দেশক্রমে অনুমতি প্রদান করা হলো।

২। আলোচ্য নার্সিং কলেজে বেসিক বিএসসি নার্সিং কোর্সে পূর্বে বরাদ্দকৃত ৫০ টি (পঞ্চাশ) আসনের সাথে আরো ২০টি আসন বৃদ্ধি করে মোট ৭০টি এবং পোস্ট বেসিক বিএসসি নার্সিং কোর্সের বিদ্যমান ৫০টি (পঞ্চাশ) আসনের সাথে আরো ১০টি (দশ) আসন বৃদ্ধি করে মোট ৬০টি আসনে উন্নীতসহ নিম্নোক্ত শর্তাবলী পালন সাপেক্ষে অনুমোদনের মেয়াদ ২০১৫-২০১৬ শিক্ষা বর্ষ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

৩। শর্তাবলীঃ

১. ইতোপূর্বে প্রদত্ত মৌলিক শর্তাবলী বহাল থাকবে।
২. সকল পরীক্ষায় বিএনসি'র প্রতিনিধি নিশ্চিত করতে হবে।
৩. ০৭ ল্যাব যথাযথভাবে আরও সুসজ্জিত করতে হবে।
৪. সকল শিক্ষক ও কর্মচারীদেরকে সরকারি বেতন অনুযায়ী বেতন প্রদান করতে হবে।
৫. শিক্ষার্থী অনুপাতে কম্পিউটারের সংখ্যা বৃদ্ধি করতে হবে।

৪। এছাড়া স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ১২-০৭-২০০৯ খ্রিঃ তারিখের স্বাপকম/নাসা/বিএনসি/(অর্ডিনেন্স)-২/২০০৮/৪২৭ সংখ্যক প্রজ্ঞাপনে জারিকৃত নীতিমালার অন্যান্য শর্তাবলী যথাযথভাবে পালন করতে হবে।

৫। একই সাথে নর্থ ইস্ট নার্সিং কলেজে বিএসসি ইন নার্সিং কোর্সে বিদেশি ছাত্র-ছাত্রী ভর্তির অনুমতিও প্রদান করা হলো। তবে সংশ্লিষ্ট নার্সিং কলেজের উক্ত কোর্সের একটি ব্যাচ পাশ করে বের হওয়ার পর প্রচলিত অন্যান্য নিয়ম পদ্ধতি অনুসরণে বিদেশি ছাত্র-ছাত্রী ভর্তি করতে হবে এবং বিদেশি ছাত্র-ছাত্রীর সংখ্যা মোট আসন সংখ্যার এক তৃতীয়াংশের অধিক হতে পারবে না।

৬। বর্ণিত কোর্সে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি এবং প্রচলিত নিয়মানুযায়ী বাংলাদেশ নার্সিং কাউন্সিলের রেজিস্ট্রেশন গ্রহণ করতে হবে।

স্বঃ/

(মোঃ লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪৫৭৭৯

অধ্যক্ষ
নর্থ ইস্ট নার্সিং কলেজ
দক্ষিণ সুরমা,
সিলেট।


নং-৪৫.১৫৮.১১১.০০.০০.০৬৯.২০১৩-

৯৬/০ (৮)

তারিখঃ ০৭-১১-১৪২১ বাং
১৯-০২-২০১৫ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। রেজিস্ট্রার, শাহাজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।
- ৩। পরিচালক, সেবা পরিদপ্তর, ১৪-১৫ মতিঝিল বা/এ, ঢাকা।
- ৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সচিব এর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। সিস্টেম এ্যানালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৭। রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং কাউন্সিল, ২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয়নগর, ঢাকা।
- ৮। যুগ্মসচিব (হাসপাতাল ও নার্সিং) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।


(মোঃ রুফের রহমান)
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(নার্সিং শাখা)
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫৮.১১১.০০.০০.০০৬.২০১৪-

তারিখঃ ১১-১১-১৪২১ বাং
২৩-০২-২০১৫ খ্রিঃ

বিষয়ঃ পূর্বানুমোদিত ইন্টারন্যাশনাল নার্সিং কলেজ, টাঙ্গি, গাজীপুরে বেসিক বিএসসি নার্সিং কোর্সের পাশাপাশি পোস্ট বেসিক বিএসসি নার্সিং কোর্স চালুর অনুমোদন ও মেয়াদ বৃদ্ধি।


উপর্যুক্ত বিষয়ে তাঁর আবেদন এবং বেসরকারী পর্যায়ে বিএসসি নার্সিং কলেজ/কোর্স চালুকরণ সংক্রান্ত এ মন্ত্রণালয়ে গঠিত নীতিনির্ধারণী কমিটির ২৭-০১-২০১৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্ত অনুসরণে পূর্বানুমোদিত ইন্টারন্যাশনাল নার্সিং কলেজ, টাঙ্গি, গাজীপুর-এ নিম্নোক্ত শর্ত সাপেক্ষে ০২ বছর মেয়াদি পোস্ট বেসিক বিএসসি নার্সিং কোর্সে ৩০টি (ত্রিশ) আসন অনুমোদন করে ০৪ বছর মেয়াদি বেসিক বিএসসি নার্সিং কোর্সে পূর্বে বরাদ্দকৃত ৪০টি আসন বহাল রেখে ২০১৫-২০১৬ শিক্ষা বর্ষ পর্যন্ত সাময়িক অনুমোদনের মেয়াদ নির্দেশক্রমে বৃদ্ধি করা হলো।

২। শর্তাবলীঃ

১. নীতিমালা অনুযায়ী নার্সিং কলেজের স্বয়ং সম্পূর্ণ ও স্বতন্ত্র নার্সিং কলেজ কমপ্লেক্স নির্মাণ করতে হবে। যার পূর্ব প্রস্তুতি হিসেবে আইনানুগ পদ্ধতিতে জায়গা/জমি বরাদ্দ করতে হবে।
২. পোস্ট বেসিক নার্সিং কোর্স চালুর পূর্বে আরও পূর্ণকালীন নার্স-শিক্ষক নিয়োগ প্রদান করতে হবে।
৩. ভর্তি পরীক্ষায় নার্সিং কাউন্সিলের প্রতিনিধি রাখতে হবে।
৪. নার্সিং কলেজে নার্সিং ও মিডওয়াইফারি ল্যাভে সরঞ্জামাদি বৃদ্ধিসহ অবশিষ্ট ল্যাবগুলো স্বয়ংসম্পূর্ণ করতে হবে।
৫. ইতোপূর্বে প্রদত্ত সকল শর্তাবলী বহাল থাকবে।

৩। এছাড়া স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ১২-০৭-২০০৯ খ্রিঃ তারিখের স্বাপকম/নাসা/বিএনসি/(অর্ডিনেন্স)-২/২০০৮/৪২৭ সংখ্যক প্রজ্ঞাপনে জারিকৃত নীতিমালার অন্যান্য শর্তাবলী যথাযথভাবে পালন করতে হবে।

৪। বর্ণিত কোর্সে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি এবং প্রচলিত নিয়মানুযায়ী বাংলাদেশ নার্সিং কাউন্সিলের রেজিস্ট্রেশন গ্রহণ করতে হবে।



(মোঃ লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪৫৭৭৯


অধ্যক্ষ
ইন্টারন্যাশনাল নার্সিং কলেজ
গুশুলিয়া, টাঙ্গি, গাজীপুর।

নং-৪৫.১৫৮.১১১.০০.০০.০০৬.২০১৪- ৯৭/১(৬)

তারিখঃ ১১-১১-১৪২১ বাং
২৩-০২-২০১৫ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৩। পরিচালক, সেবা পরিদপ্তর, ১৪-১৫ মতিঝিল বা/এ, ঢাকা।
- ৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সচিব এর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ✓ ৬। সিস্টেম এ্যানালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৭। রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং কাউন্সিল, ২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয়নগর, ঢাকা।
- ৮। যুগ্মসচিব (হাসপাতাল ও নার্সিং) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।


(মোঃ লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব